



ইসলামী বিশ্ববিদ্যালয় ৪

ভিসির অপসারণের দাবীতে ছাত্রদের ভাংচুর ॥ শিক্ষকদের অসহযোগ ও স্মারকলিপি পেশ

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতা ॥ বিক্ষুব্ধ ছাত্ররা গত শুক্রবার
গভীর রাতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের
ভিসির কুষ্টিয়ায় বাসভবনে ব্যাপক
ভাংচুর করিয়াছে। ইহাতে বেশ-
কিছু সম্পদের ক্ষতি হইয়াছে।
তবে ভাইস-চ্যান্সেলর ভবনের মধ্যে
নিরাপদে অবরুদ্ধ অবস্থায় রহিয়া-
ছেন। এগারদিন কর্মস্থলের বাহিরে
থাকার পর তিনি গত বৃহস্পতিবার
রাতে বাসভবনে 'ছাত্রদের দেওয়া
তাল্লা' ভাঙ্গিয়া প্রবেশ করিলে ছাত্র-

লীগ (শা-পা) কর্মীরা অনিদিষ্টকালের
জন্য ভবনটি অবরোধ শুরু করে।
ভিসি গত ২৬ জুন হইতে কোন
(শেষ পঃ ১-এর কঃ ৩ঃ)

ইসলামী বিশ্ববিদ্যালয় (১ম পৃঃ পর)

কাজ-কর্ম করিতেছেন না।
দুনীতি, দলীয়করণ, ক্ষমতার
অপব্যবহারসহ কতিপয় অভিযোগে
অবিলম্বে ভিসির অপসারণের দাবীতে
ছাত্রলীগ আহুত 'অনিদিষ্টকালের
বর্মঘটের' কারণে গত ১৪ দিন
যাবৎ বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার
একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম
এবং পরিবহন চলাচল বন্ধ রহিয়াছে।

এদিকে ভিসির অপসারণের
দাবীতে শিক্ষক সমিতির কর্মসূচী
হিসাবে গতকাল হইতে তিন হলের
প্রভোষ্ট, হাউস টিউটর, ছাত্রবিষয়ক
উপদেষ্টা, প্রক্টর, আইন উপদেষ্টাসহ
বিভিন্ন প্রশাসনিক পদে দায়িত্বপ্রাপ্ত
শিক্ষকগণ তাহাদের 'অসহযোগ
কর্মসূচী (ভিসির অপসারণ অবধি)
পালন শুরু করিয়াছেন। ইহা ছাড়া,
একই দাবীতে আজ (রবিবার) হইতে
শিক্ষকগণ অনিদিষ্টকালের জন্য কর্ম-
বিরতি পালন করিবেন।

ছাত্র শিবির গতকাল ক্যাম্পাসে
ভিসির অপসারণের দাবীতে বিক্ষোভ
মিছিল ও সমাবেশ করিয়াছে।

প্রধানমন্ত্রীর নিকট স্মারকলিপি
অপরদিকে পূর্ব ঘোষিত কর্মসূচীর
অংশ হিসাবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক
সমিতি গতকাল (শনিবার) বিকালে
অবিলম্বে ভাইস-চ্যান্সেলর মুহাম্মদ
ইনামুল হকের অপসারণের দাবীতে
বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর প্রধানমন্ত্রী
শেখ হাসিনার নিকট দুই দফা দাবী
সম্বলিত স্মারকলিপি প্রদান করি-
য়াছে।

স্মারকলিপিতে বলা হয়, বর্ত-
মান ভিসির দুনীতি, প্রশাসনিক,
আর্থিক অনিয়ম, সিদ্ধান্তহীনতা
স্বজনপ্রীতি ও প্রশাসনিক কাঠামো
বহির্ভূত বহু পদে নিয়োগ-পদোন্নতি
প্রদানের ফলে বর্তমানে বিশ্ববিদ্যা-
লয়ের বাজেট ঘাটতিসহ শিক্ষা কার্যক্রম
সম্পূর্ণরূপে অচল হইয়া পড়িয়াছে।
গত ২৬ জুন হইতে প্রতিষ্ঠানটি
'কার্যতঃ বন্ধ' রহিয়াছে।

এমতাবস্থায় বিশ্ববিদ্যালয়ে শিক্ষার
সুষ্ঠু ও নিরাপদ পরিবেশ নিশ্চিত
করার লক্ষ্যে 'অযোগ্য ভিসির' অপ-
সারণ অপরিহার্য বলিয়া উক্ত স্মারক-
লিপিতে উল্লেখ করা হয়।

শিক্ষক সমিতি স্মারকলিপির
মাধ্যমে ভাইস-চ্যান্সেলর নিয়োগ
প্রাপ্তির পর হইতে বর্তমান সময় পর্যন্ত
সকল দুনীতি-অপকর্মের তদন্ত ও
বিচার দাবী করিয়াছে। স্মারকলিপি
প্রদানকালে সমিতির সভাপতি কয়েজ
মোঃ সিরাজুল হক, সাধারণ-সম্পাদক
সরোয়ার জাহান, প্রফেসর এম আলা-
উদ্দিন ও ডঃ আশরাফ আলী প্রমুখ
উপস্থিত ছিলেন।